গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃঅধিঃ/ইপিআই/প্রশিক্ষণ-২৩(পার্ট-৪)/World Immunization Week-2022/৫৯৮ তারিখঃ ২০/০৪/২০২২ ইং

প্রতি,

প্রধান নির্বাহী কর্মকর্তা/প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ------------------------------ সিটি করপোরেশন (সকল)

বিষয়ঃ <u>বিশ্ব টিকাদান সপ্তাহ (২৪-৩০ এপ্রিল) ২০২২ উদযাপন প্রসংগে</u>।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়সহ সকল নীতিনির্ধারক, স্বাস্থ্য সেবাদানকারী, পেশাজীবী, উন্নয়ন সহযোগী এবং সরকারী-বেসরকারী সংস্থার প্রত্যেককে টিকাদান কর্মসূচি ও টিকাদানের গুরুত্ব সম্পর্কে সচেতনতা সৃষ্টির মাধ্যমে টিকা গ্রহণের হার বৃদ্ধির জন্য জনগণকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে একযোগে কাজ করছেন। বিশেষ করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপজেলা, পৌরসভা এবং সিটি করপোরেশনের ইপিআই-এর মাঠপর্যায়ের সম্মুখসারীর সকল কর্মীদের অক্লান্ত পরিশ্রম ও নিরলশ প্রচেষ্ঠা, এবং বিভাগ, জেলা, উপজেলা, সিটি করপোরেশন এবং পৌরসভা পর্যায়ের সকল ব্যবস্থাপকগণের গঠনমূলক দিকনির্দেশনার ফলে বাংলাদেশের ইপিআই টিকাদান কার্যক্রম বিশ্বে সমাদৃত ও সম্মানিত হয়েছে। গত ২০২০ থেকে কোভিড-১৯ মহামারির বিরূপ পরিস্থিতিতেও ইপিআই-এর প্রতি আপনাদের ঐকান্তিক সহযোগিতা ও প্রতিশ্রুতি চলমান টিকাদান কার্যক্রমের গতিশীলতা বজায় রেখেছে। এ সাফল্যের জন্য আপনাদের মত ইপিআই কার্যক্রমের বীর সৈনিকদের সশ্রদ্ধ সালাম আর আন্তরিক মোবারকবাদ।

সম্প্রসারিত টিকাদান কর্মসূচির (ইপিআই) আওতায় সকল শিশুর পূর্ণ টিকা প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে কোভিড-১৯ মহামারির বিরূপ পরিস্থিতিতেও স্বাস্থ্য বিধি মেনে অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও **"বিশ্ব টিকাদান সপ্তাহ (২৪-৩০ এপ্রিল) ২০২২"** পালনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২৪-৩০ এপ্রিল ২০২২ বিশ্ব টিকাদান সপ্তাহ, এবারের প্রতিপাদ্য বিষয় ঃ
**"সকলের জন্য দীর্ঘ জীবন" ("Long Life for All")**

- বাদপড়া সকল শিশুকে সনাক্ত করে টিকা প্রাপ্তি নিশ্চিত করতে পারলেই আমরা সবাই একত্রে সুরক্ষিত থাকতে পারবো। টিকা দেয়ার ফলে প্রতিটি শিশু সুরক্ষিত হলে আপনার পরিবার তথা সমাজও টিকা দিয়ে প্রতিরোধযোগ্য রোগ থেকে নিরাপদ থাকবে।
- এছাড়া মহিলাদের টিডি টিকা প্রাপ্তি নিশ্চিত করতে পারলে নবজাত শিশুসহ মা/নারীদের ধনুস্টংকারে আক্রান্তের হাত থেকে নিরাপদ থাকবে।

**কোভিড-১৯ মহামারির বিরূপ পরিস্থিতিতে সকল স্বাস্থ্য বিধি মেনে প্রতিবারের ন্যায় এই বছরেও নিম্নে বর্ণিত কার্যক্রম বাস্তবায়ন করা হবেঃ**

ক) নিম্নে উল্লিখিত সোস্যাল নেটওয়ার্কে **"বিশ্ব টিকাদান সপ্তাহ ২০২২"** বিষয়ে সচেতনতামূলক প্রচারনা পর্যায়ক্রমে প্রতিদিন দেয়া হবে।

- UNICEF Bangladesh
- UNICEF Volunteer Group Bangladesh
- EPI Bangladesh

খ) মোবাইল ফোনে সপ্তাহব্যাপী প্রতিদিন এসএমএস দেয়া হবে।

গ) - সিটি করপোরেশন/জোন পর্যায়ে উদ্দিষ্ট শিশুদের ইপিআই-এর সকল টিকার বাদ পড়া এবং আংশিক বাদপড়া তালিকা প্রস্তুত করতে হবে এবং নিয়মিত টিকাদান সেশনের মাধ্যমে উক্ত শিশুদের টিকা প্রদান নিশ্চিত করতে হবে। (ফর্ম সংযুক্ত)

- একইভাবে নারীদের টিডি ৫ ডোজ টিকার বাদ পড়া এবং আংশিক বাদপড়া তালিকা প্রস্তুত করতে হবে এবং নিয়মিত টিকাদান সেশনের মাধ্যমে উক্ত নারীদের সময়সূচি অনুযায়ী টিডি টিকা প্রদান নিশ্চিত করতে হবে।

নিয়মিত টিকাদান সেশনের মাধ্যমে আগামী ৩১মে ২০২২ ইং তারিখের মধ্যে বাদপড়া শিশু ও নারীদের প্রাপ্তি স্বাপেক্ষে টিকা প্রদান শেষ করতে হবে। আগামী ০৭/০৬/২০২২ ইং তারিখের মধ্যে সংযুক্ত ফর্মের মাধ্যমে নিম্নে বর্ণিত ই-মেইলে ইপিআই সদর দপ্তরে প্রেরণ করতে হবে ঃ এখানে উল্লেখ্য যে, Microsoft Excel (এক্সেল শীটে) এই তথ্য প্রেরণ করতে হবে, PDF (পিডিএফ) বা JPG/JPEG (জেপিজি) -তে প্রেরণ করা যাবে না।

pmepi.dghs@gmail.com galib_kohinoor@yahoo.com zahassan@unicef.org ; dasch@who.int;

৬) এ্যাডভোকেসি সভা ঃ

সিটি করপোরেশন পর্যায়ে এই **"বিশ্ব টিকাদান সপ্তাহ ২০২২" সফলভাবে বাস্তবায়নের জন্য, সংশ্লিষ্ট সকল সরকারী বেসরকারী সহযোগী সংস্থা ও দপ্তরের সকলকে অবহিত এবং অংশগ্রহণ নিশ্চিত করার জন্য প্রতিটি সিটি করপোরেশন পর্যায়ে এ্যাডভোকেসী সভার আয়োজন করতে হবে এবং সভার তারিখ অবশ্যই ইপিআই সদর দপ্তরে জানাতে হবে।**

- পবিত্র রমজান এবং ঈদুল ফেতরের জন্য এই এ্যাডভোকেসী সভা আগামী ০৫ মে ২০২২ ইং তারিখ থেকে ১৯ মে ২০২২ ইং তারিখের মধ্যে শেষ করতে হবে।
- ইপিআই সদর দপ্তর থেকে যথাসময়ে সিটি করপোরেশন পর্যায়ে এ্যাডভোকেসি সভার জন্য বর্ণিত বাজেট বিবরণী অনুযায়ী অর্থ প্রেরণ করা হবে।

অংশগ্রহণকারী ঃ
প্রতিটি সিটি করপোরেশন পর্যায়ে ১০০ জন এ্যাডভোকেসী সভায় অংশগ্রহণ করবেন। সিটি করপোরেশনের স্বাস্থ্য বিভাগের সকলের অংশগ্রহণের পাশাপাশি অন্যান্য সকল মন্ত্রণালয়, প্রতিনিধি-স্থানীয় সরকার, সাংবাদিক, মাল্টি সেকটোরাল প্রতিনিধি, সংশ্লিষ্ট সরকারী বেসরকারী সংস্থাসমূহ, বাংলাদেশ প্রাইভেট প্র্যাকটিস এ্যাসোসিয়েসন, বাংলাদেশ মেডিকেল এ্যাসোসিয়েসন, সামাজিক ও ধর্মীয় নেতৃবৃন্দ এই সভায় অংশগ্রহণ করবেন। এছাড়াও সিটি করপোরেশন স্বীয় বিবেচনায় যথোপযুক্ত অংশগ্রহণকারীকে সংযুক্ত করতে পারবেন। তবে কোন অবস্থাতেই অংশগ্রহণকারীর সংখ্যা বাজেট বরাদ্দের বেশী হবে না।

**বাজেট ঃ বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ, নারায়নগঞ্জ, গাজীপুর, খুলনা, বরিশাল এবং ময়মনসিংহ সিটি করপোরেশন) এবং ইউনিসেফের (রাজশাহী, রংপুর, সিলেট, চট্টগ্রাম এবং কুমিল্লা সিটি করপোরেশন) বাজেট বরাদ্দ অনুযায়ী এই এ্যাডভোকেসী সভায় -**

(১) সম্মানি ভাতা রিসোর্স পারসন ৪ জন (মাননীয় মেয়র, প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা এবং অন্যান্য) প্রতিজনের জন্য ৩০০০/- X ৪ জনের

(২) আপ্যায়ন প্রতি অংশগ্রহণকারীর জন্য ৪৫০/- X ১০০ জনের

(৩) ১ জন সেক্রেটারীয়্যাল এ্যাসিসটেন্ট ৫০০/- X ১ জনের (৪) ২ জন হেলপার/পিয়ন প্রতিজন ৪০০/- X ২ জনের

(৫) স্টেশনারী প্রতিজন ৫০/- X ১০০ জনের (যেমনঃ প্যাড, পেন, ফোল্ডার, ফটোকপি বা ইপিআই-এ রিপোর্ট পাঠানোর জন্য ইত্যাদি)

(৬) ব্যানার ১৫০০/- টাকা হারে খরচ করতে হবে।

লজিস্টিক ঃ
এ্যাডভোকেসী সভায় ইপিআই সদর দপ্তর থেকে সরবরাহকৃত প্রেজেন্টেশন পাওয়ার পয়েন্ট-এর মাধ্যমে উপস্থাপন করতে হবে। এছাড়াও শিশু ও নারীদের বাদ পড়া এবং আংশিক বাদপড়া তথ্য উপস্থাপন করতে হবে।

বাদপড়া বা আংশিক বাদপড়া উদ্দিষ্ট শিশুদের তালিকা প্রস্তুত এবং টিকা প্রদানের জন্য করণীয় ঃ

- সকল স্বাস্থ্য সহকারী / টিকাদান কর্মীগণ স্বাস্থ্যবিধি মেনে অভিভাবকদের সাথে টিকার গুরুত্ব সম্পর্কে আলোচনা করে শিশু ও নারীদের টিকাদানের ব্যাপারে উদ্বুদ্ধ করবেন
- স্বাস্থ্য সহকারী / টিকাদান কর্মীগণ বাদপড়া বা আংশিক বাদপড়া উদ্দিষ্ট শিশু ও নারীদের তালিকা তৈরী করবেন
- প্রস্তুতকৃত বাদপড়া বা আংশিক বাদপড়া এসব শিশু ও নারীদের প্রাপ্যতা অনুযায়ী নিয়মিত টিকাদান সেশনের মাধ্যমে আগামী ৩১মে ২০২২ইং তারিখ পর্যন্ত ১ (এক) মাসের মধ্যে টিকাদান নিশ্চিত করবেন (ফর্ম সংযুক্ত)
- **কোভিড-১৯ পরিস্থিতিতে আংশিক বাদপড়া শিশুর ২৫ মাস- ৩৬ মাস বয়স (৩ বছর বয়স) পর্যন্ত প্রাপ্যতা অনুযায়ী টিকা প্রদান করা যাবে**(ফর্ম সংযুক্ত)
- আগামী ০৭/০৬/২০২২ ইং তারিখের মধ্যে প্রেরিত ফর্মের মাধ্যমে বাদপড়া বা আংশিক বাদপড়া শিশু ও নারীদের তালিকা ইপিআই সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

উপর্যুক্ত কর্মকান্ড বাস্তবায়নের জন্য ডিভিশনাল কোঅর্ডিনেটর- বিশ্ব স্বাস্থ্য সংস্থা, হেলথ অফিসার-ইউনিসেফ, সার্ভিল্যান্স এন্ড ইম্যুনাইজেশন মেডিকেল অফিসার (SIMO)-বিশ্ব স্বাস্থ্য সংস্থা সার্বিক সহযোগিতা করবেন। এছাড়াও সিটি করপোরেশনের ইপিআই সুপারভাইজার এবং ভ্যাকসিনেটর সুপারভাইজারগণ নিজ নিজ কার্যক্ষেত্রে এসকল কার্যক্রমে সার্বিক সহযোগিতা করবেন।

সংযুক্তি ঃ Form :

1. Form 1: জানুয়ারি ২০২১ ইং তারিখ থেকে ০-২৪ মাস বয়সী বাদপড়া বা আংশিক বাদ পড়া শিশুদের তালিকা প্রস্তুত এবং টিকা প্রদান ফর্ম
2. Form 2: জানুয়ারি ২০২১ ইং তারিখ থেকে ৩ বছর বা ২৫-৩৬ মাস বয়সী বাদপড়া বা আংশিক বাদ পড়া শিশুদের তালিকা প্রস্তুত এবং টিকা প্রদান ফর্ম
3. Form 3: জানুয়ারি ২০২১ ইং তারিখ থেকে ১৫-৪৯ বছর বয়সী বাদপড়া বা আংশিক বাদ নারীদের টিডি টিকার তালিকা প্রস্তুত এবং টিকা প্রদান ফর্ম
4. Form 4: Leftout/ Dropout list and Vaccination of leftout/ Dropout Children: (0-24 months Children)
5. Form 5: Leftout/ Dropout list and Vaccination of leftout/Dropout Children: (25-36 months Children)
6. Form 6: Leftout/ Dropout list and Vaccination of leftout/ Dropout Women for TT/TD


(ডা. মোহাঃ শামসুল হক )
পরিচালক এবং লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএএইচ
স্বাস্থ্য অধিদপ্তর, ইপিআই ভবন
মহাখালী, ঢাকা।
টেলিফোন #: ০২-৯৮৮২৫০১
mncah@ld.dghs.gov.bd


স্মারক নং-স্বাঃঅধিঃ/ইপিআই/প্রশিক্ষণ-২৩(পার্ট-৪)/World Immunization Week/৫৯৮ তারিখঃ ২০/০৪/২০২২ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যৈষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব, জন স্বাস্থ্য ও বিশ্ব স্বাস্থ্য)
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পিএস টু সচিব)
৩. সচিব, স্থানীয় সরকার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম সচিব, উন্নয়ন, স্থানীয় সরকার বিভাগ)
৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক, সমন্বয়)
৫. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, আজিমপুর, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক, সমন্বয়)
৬. অতিরিক্ত মহা-পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৭. অতিরিক্ত মহা-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি করপোরেশন (সকল)
৯. পরিচালক (স্বাস্থ্য) ------------------------ বিভাগ (সকল)
১০. উপ-পরিচালক ও প্রোগ্রাম ম্যানেজার, ইপিআই, ইপিআই ভবন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১১. উপ-পরিচালক, ইপিআই এন্ড সার্ভিলেন্স, ইপিআই ভবন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১২. সহকারী পরিচালক, ইপিআই এন্ড সার্ভিলেন্স, ইপিআই ভবন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৩. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), ইপিআই, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৪. মেডিকেল অফিসার(সকল), ইপিআই এন্ড সার্ভিলেন্স, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৫. কোল্ড চেইন ইঞ্জিনিয়ার/স্টোর ম্যানেজার/লজিষ্টিক অফিসার/ট্রেনিং অফিসার/ হিসাব রক্ষণ কর্মকর্তা, ইপিআই এন্ড সার্ভিলেন্স, মহাখালী
১৬. Chief, Health Section, UNICEF, Dhaka (Please instruct concern personnel to assist the said program)
১৭. Team Leader- EPI, WHO, Gulshan, Dhaka (Please instruct concern personnel to assist the said program)
১৮. ন্যাশনাল প্রফেশনাল অফিসার, ইম্যুনাইজেশন/ সার্ভিলেন্স/ ভিএসকিউ, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ঢাকা
১৯. ইম্যুনাইজেশন স্পেশালিষ্ট, হেলথ সেকশন, ইউনিসেফ
২০. ডিভিশনাল কোঅর্ডিনেটর (সকল), বিশ্ব স্বাস্থ্য সংস্থা/ডিভিশনাল প্রোগ্রাম অফিসার (সকল), ইউনিসেফ
২১. সার্ভিলেন্স এন্ড ইম্যুনাইজেশন মেডিকেল অফিসার (সকল)- বিশ্ব স্বাস্থ্য সংস্থা /ডিস্ট্রিক্ট প্রোগ্রাম অফিসার (সকল)-ইউনিসেফ
২২. অফিস নথি।


(ডা. মোহাঃ শামসুল হক )
পরিচালক ও লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএএইচ
ইপিআই ভবন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
টেলিফোন #: ০২-৯৮৮২৫০১